উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ অনুযায়ী

# জেলা প্রশাসন পিরোজপুর এর ২০১৭-১৮ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা

জেলা ইনোভেশন টিম

পিরোজপুর

উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ অনুযায়ী
জেলা প্রশাসন পিরোজপুর এর ২০১৭-১৮ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা

১. ভূমিকা
আধুনিক জনমুখী নাগরিক সেবা প্রদানের ক্ষেত্রে উদ্ভাবন চর্চার ভূমিকা গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে সরকার কর্তৃক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ প্রণয়ন অত্যন্ত যুগোপযোগী একটি পদক্ষেপ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ ও সুশাসন নিশ্চিত করণে সরকারের এ উদ্যোগকে আমরা স্বাগত জানাই। সরকারের এ কর্মপরিকল্পনার সাথে জেলা প্রশাসন পিরোজপুরও অত্যন্ত আন্তরিকতার সাথে একাত্মতা ঘোষণা করছে। নাগরিক সেবা সহজীকরণ এবং জনকল্যাণ ও উন্নয়নমুখী জনসেবা প্রদানে পিরোজপুর জেলা প্রশাসনের উদ্ভাবন কর্মপরিকল্পনা নিম্নরূপ:

২.১ রূপকল্প

জনকল্যাণ ও উন্নয়নমুখী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিনির্ভর ডিজিটাল পিরোজপুর।

২.২ অভিলক্ষ

উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর কর্মসম্পাদনের মাধ্যমে ২০২১ সালের মধ্যে পিরোজপুর জেলা প্রশাসনের জনকল্যাণ ও উন্নয়নমুখী সেবাসমূহ সহজ, স্বচ্ছ, জবাবদিহিমূলক ভাবে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া।

৩. উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণে বিবেচ্য বিষয়সমূহ

❐ স্বল্প সময়ে সেবা প্রদান

❐ সেবা গ্রহণে ব্যয় লাঘব

❐ সেবা গ্রহীতার যাতায়াত হ্রাসকরণ

❐ উদ্ভাবন ধারনার বিকাশ ও যাচাই

❐ সেবায় নাগরিকের ভোগান্তি লাঘব

❐ সেবা গ্রহীতা ও সেবা প্রদানকারীর মধ্যে সরাসরি সংযোগ

❐ সেবা গ্রহীতা ও সেবা প্রদানকারীর মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক স্থাপন

❐ সহজ সেবা প্রক্রিয়া

❐ জনকল্যাণ ও উন্নয়নমূখী সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছানো

❐ জনকল্যাণ ও উন্নয়নমূখী জেলা প্রশাসন ব্যবস্থাপনা বাস্তবায়ন

৩. ১। প্রস্তাবিত বাৎসরিক কর্মপরিকল্পনাঃ পিরোজপুর জেলার ২০১৭-১৮ অর্থ বছরের গৃহীত কর্মপরিকল্পনা নিম্নরূপ:

| ক্র.নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবী) | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুনগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|
| ০১ | স্থানীয়ভাবে উদ্ভাবন প্রশিক্ষণ প্রদান | ০১-০৭-২০১৭ ৩০-০৬-২০১৮ | অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) | নতুন উদ্ভাবনী উদ্যোগ গৃহীত হবে | প্রশিক্ষণ সম্পন্নকারীদের তালিকা |
| ০২ | নতুন উদ্ভাবনী পাইলট উদ্যোগ গ্রহণ | ০১-০৭-২০১৭ ৩০-০৬-২০১৮ | স্ব-স্ব দপ্তর | স্বল্প সময়ে কম খরচে নাগরিকগণের সেবা প্রাপ্তি | উদ্ভাবনী উদ্যোগের সংখ্যা |
| ০৩ | উদ্ভাবনের জন্য স্বীকৃতি প্রদান | ০১-০৭-২০১৭ ৩০-০৬-২০১৮ | জেলা ইনোভেশন অফিসার | উদ্ভাবনের জন্য কর্মকর্তাগণ উৎসাহিত হবে | নতুন নতুন উল্লেখযোগ্য উদ্ভাবন সংশ্লিষ্ট প্রতিবেদন |
| ০৪ | ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান | ০১-০৭-২০১৭ ৩০-০৬-২০১৮ | অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) | ইনোভেশন কার্যক্রম মূল্যায়ন ও কাজের অগ্রগতি পর্যালোচনা | অনুষ্ঠিত সভার সংখ্যা |
| ০৫ | সামাজিক উদ্ভাবনী উদ্যোগ: | ০১-০৭-২০১৭ ৩০-০৬-২০১৮ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট | সামাজিক যোগাযোগের মাধ্যম ব্যবহার করে বিভিন্ন সামাজিক সচেতনতামূলক কাজ করা যাবে | সামাজিক যোগাযোগ মাধ্যমে কতজন সংযুক্ত হয়েছে |
| ০৬ | সোশ্যাল মিডিয়া সংলাপ | ০১-০৭-২০১৭ ৩০-০৬-২০১৮ | সংশ্লিষ্ট দপ্তর প্রধান | সোশ্যাল মিডিয়া সংলাপের মাধ্যমে নাগরিক সম্পৃক্ততা | এ সংক্রান্ত রিপোর্ট |
| ০৭ | প্রতিবেদন | ০১-০৭-২০১৭ ৩০-০৬-২০১৮ | জেলা ইনোভেশন অফিসার | ইনোভেশন এর উপর একটি প্রকাশনার উদ্যোগ নেওয়া হবে | প্রকাশিত ডকুমেন্ট |
| ০৮ | ইউডিসি এবং পোস্ট ই-সেন্টার | ০১-০৭-২০১৭ ৩০-০৬-২০১৮ | উপজেলা নির্বাহী অফিসার | * আয় বৃদ্ধির জন্য ব্যাপক প্রচারের ব্যবস্থা করা;<br>* উদ্যোক্তাদেরকে নিজস্ব বিনিয়োগে উৎসাহিত করা;<br>* আয় বৃদ্ধির জন্য সকল ইউডিসিতে নতুন সেবা (বিদ্যুৎ বিল, বিকাশ, ভেন্ডর লাইসেন্স) অন্তর্ভূক্ত করা। | উদ্যোক্তা কর্তৃক ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে আয় সম্পকিত আপলোডকৃত তথ্য |
| ০৯ | এমএমসি | ০১-০৭-২০১৭ ৩০-০৬-২০১৮ | জেলা, উপজেলা প্রশাসন ও জেলা শিক্ষা অফিসার | * বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন অব্যাহত রাখা;<br>* এমএমসি সরঞ্জামাদিপ্রাপ্ত প্রতিষ্ঠানে এমএমসি সরঞ্জামাদি সচল রাখার জন্য বিদ্যালয় পরিচালনা কমিটিকে স্থানীয় অর্থায়নের ব্যবস্থা করার জন্য নির্দেশনা প্রদান করা;<br>* ডিজিটাল কনটেন্ট তৈরীর ও মাল্টিমিডিয়া ক্লাসরুম বিষয়ক প্রশিক্ষণ প্রদান। | * ডিজিটাল কনটেন্ট এর সফট কপি<br>* স্থানীয় উদ্যোগে স্থাপিত এমএমসির সংখ্যা<br>* প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন |

| ক্র.নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবী) | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুনগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|
| ১০ | পোর্টাল | ০১-০৭-২০১৭<br>৩০-০৬-২০১৮ | জেলা ও উপজেলা ইনোভেশন টিম | * নিয়মিত হালনাগাদ অব্যাহত রাখা;<br>* অসম্পূর্ণতা দূরীকরণ;<br>* সকল দপ্তরের জন্য ওয়েব পোর্টাল বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা | ওয়েব পোর্টালের হালনাগাদ তথ্য |
| ১১ | সক্রিয় ইনোভেশন টিম | ০১-০৭-২০১৭<br>৩০-০৬-২০১৮ | জেলা ইনোভেশন টিমের সদস্যবৃন্দ | * নিয়মিত জেলা ও উপজেলা ইনোভেশন টিমের কার্যক্রম মনিটরিং অব্যাহত রাখা;<br>* নিয়মিত ইনোভেশন সার্কেল আয়োজন করা;<br>* ইনোভেশন সার্কেলে সকল দপ্তরের অংশগ্রহণ নিশ্চিত করা। | কার্যক্রম সংশ্লিষ্ট রিপোর্ট |
| ১২ | সেবাগ্রহীতাদের নিকট হতে ফেইজবুক পেইজ/ওয়েব পোর্টাল উদ্ভাবন আইডিয়া আহ্বান | ০১-০৭-২০১৭<br>৩০-০৬-২০১৮ | অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) | উদ্ভাবন পরিকল্পনায় জনগণের অংশগ্রহণ নিশ্চিত হওয়ার মাধ্যমে সেবা গ্রহীতার প্রত্যাশা পূরণ সহজ হবে | ফেইজবুক পেজে কতজন সংযুক্ত হয়েছে এবং কতটি আইডিয়া পাওয়া গিয়েছে। |
| ১৩ | ফেইজবুক পেইজে নাগরিক সমস্যা সমাধান | ০১-০৭-২০১৭<br>৩০-০৬-২০১৮ | জেলা প্রশাসন | নাগরিকদের সেবা প্রাপ্তিতে TCV কমবে | কতটি সমস্যার সমাধান করা হয়েছে |
| ১৪ | FB.TV Pirojpur | ০১-০৭-২০১৭<br>৩০-০৬-২০১৮ | জেলা প্রশাসন ও স্ব-স্ব দপ্তর | সভা, সেমিনার ও অনুষ্ঠান FB টিভিতে লাইভ সম্প্রচার | কতজন FB ব্যবহারকারী সংযুক্ত হয়েছেন |
| ১৫ | সরকারি সকল দপ্তরের ফেজবুক পেজ খোলা | ০১-০৭-২০১৭<br>৩০-০৬-২০১৮ | স্ব-স্ব দপ্তর প্রধান | জনগণ খুব সহজে ফেজবুক পেজে সমস্যা জানাতে পারবে | সমাধানকৃত সমস্যার সংখ্যা |
| ১৬ | অন্যান্য | ০১-০৭-২০১৭<br>৩০-০৬-২০১৮ | জেলা ইনোভেশন টিম | * নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক কর্মশালার আয়োজন;<br>* স্থানীয় ইনোভেশন সমূহকে উৎসাহ ও প্রণোদনা প্রদান। | কার্যক্রম সংশ্লিষ্ট রিপোর্ট |

৪. কর্মমূল্যায়ন 'ছক'

| ক্র.নং | মূল্যায়নের বিষয় | কর্মকৃতি সূচক | মূল্যায়ন |
|---|---|---|---|
| ৪.১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণীত | না = ০ ; হ্যাঁ = ৫ (প্রাপ্ত নম্বর-৫) |
| ৪.২ | ইনোভেশন টিমের সভা | প্রতি মাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত-১২ টি | প্রতিটি সভার জন্য ১ নম্বর, সর্বোচ্চ-১০ (প্রাপ্ত নম্বর-১০) |
| ৪.৩ | ইনোভেশন টিমের বাৎসরিক প্রতিবেদন | বাৎসরিক প্রতিবেদন স্বীয় ওয়েবসাইটে প্রকাশিত | না = ০ ; হ্যাঁ = ৫ (প্রাপ্ত নম্বর-৫) |
| | | ৩১ জুলাই এর মধ্যে পূর্ববর্তী বৎসরের বাৎসরিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত | না = ০ ; হ্যাঁ = ৫ (প্রাপ্ত নম্বর-৫) |
| ৪.৪ | উদ্ভাবনী ধারণা আহ্বান, যাচাই ও বাছাই সংক্রান্ত কার্যক্রম | কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা আহ্বান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলি যাচাইপূর্বক অগ্রাধিকার ভিত্তিতে সঙ্কলিত | না = ০ ; হ্যাঁ = ৫ (প্রাপ্ত নম্বর-৫) |
| ৪.৫ | উদ্ভাবনী ধারণার প্রটোটাইপিং/পাইলটিং | উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য পাইলট প্রকল্প গৃহীত | প্রতিটি প্রকল্পের জন্য ২; সর্বোচ্চ ১০ (প্রাপ্ত নম্বর-১০) |
| ৪.৬ | উদ্ভাবনী উদ্যোগের (প্রটোটাইপিং/পাইলট) অর্জিত অভিজ্ঞতা | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | প্রতিটি উদ্যোগের জন্য ২; সর্বোচ্চ ১০ (প্রাপ্ত নম্বর-১০) |
| | | সফল এবং বিফল উভয় উদ্যোগসমূহ থেকে অর্জিত অভিজ্ঞতা রিপোর্ট আকারে বিভিন্ন মাধ্যমে প্রচারিত | প্রতিটি ডকুমেন্টের জন্য০১; সর্বোচ্চ-৫ (প্রাপ্ত নম্বর-৫) |
| ৪.৭ | জাতীয়ভাবে বাস্তবায়ন (স্কেলিং আপ) | উদ্ভাবনী পাইলট প্রকল্প দেশব্যাপী/বৃহত্তর অধিক্ষেত্রে বাস্তবায়িত (স্কেলিং আপ) | প্রতিটি প্রকল্পের জন্য ৫; সর্বোচ্চ ১০ (প্রাপ্ত নম্বর- ০) |
| ৪.৮ | উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধি | নিজ অধিক্ষেত্রে উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ, শিক্ষাসফর, ইত্যাতি আয়োজিত | প্রতিটি উদ্যোগের জন্য ২; সর্বোচ্চ ১০ (প্রাপ্ত নম্বর-১০) |
| ৪.৯ | নেটওয়ার্কিং ও পার্টনারশিপ | অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভা আয়োজিত | প্রতিটি উদ্যোগের জন্য ২; সর্বোচ্চ ১০ (প্রাপ্ত নম্বর-১০) |
| ৪.১০ | সোশ্যাল মিডিয়া ব্যবহার | দাপ্তরিক কাজে সোশ্যাল মিডিয়া ব্যবহৃত | না = ০ ; হ্যাঁ = ৫ (প্রাপ্ত নম্বর-৫) |
| ৪.১১ | ই-সেবা | নিজ অধিক্ষেত্রের বিভিন্ন সেবা ই-সেবায় রূপান্তরিত | প্রতিটি সেবার জন্য ২; সর্বোচ্চ-১০ (প্রাপ্ত নম্বর-১০) |
| | | সর্বমোট অর্জন | ৯০ |

6

৫. সামগ্রিক মূল্যায়ন

অনুচ্ছেদ ৪ এ বর্ণিত বিষয়সমূহে মোট ১০০ নম্বর বরাদ্দ করা হয়েছে। এর মধ্য থেকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ইনোভেশন টিমসমূহের কর্মতৎপরতা ও সাফল্যের চূড়ান্ত মূল্যায়ন করা হবে। সামগ্রিক মূল্যায়নের মানদন্ড হবে নিম্নরূপ:

| প্রাপ্ত নম্বর | মূল্যায়নের শ্রেণি |
|---|---|
| ৯০-১০০ | অসাধারণ |
| ৮০-৯০ | অতি উত্তম |
| ৭০-৮০ | উত্তম |
| ৬০-৭০ | মোটামুটি মানের |
| ৬০- এর নিম্নে | দুর্বল |

বাংলাদেশের জনপ্রশাসনে উদ্ভাবনী চর্চার টেকসই সংস্কৃতির সূচনা করার ক্ষেত্রে পিরোজপুর জেলা ইনোভেশন টিম ইতিবাচক ভূমিকা রাখতে সচেষ্ট। এ লক্ষ্যে ইনোভেশন টিমের বছরব্যাপী সক্রিয় কার্যক্রম গ্রহণ করা হবে। জেলা ইনোভেশন টিমকে সক্রিয় করতে এবং সুনির্দিষ্ট লক্ষ্য অর্জন ও প্রয়োজনীয় কার্যক্রম সম্প্রসারণ করতে এই কর্মপরিকল্পনা অনুমোদন ও বাস্তবায়ন প্রয়োজন। এ ছাড়া ইনোভেশন টিমের কার্যক্রমের মূল্যায়ন ও প্রয়োজনীয় স্বীকৃতি দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

প্রণীত এই উদ্ভাবন কর্মপরিকল্পনা সদয় অনুমোদিত হলে কর্মপরিকল্পনাটি পিরোজপুর জেলা প্রশাসন ও জেলা ইনোভেশন টিমের গাইড লাইন হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বাস্তবতা ও সময়ের পরিবর্তনে প্রয়োজনীয় সংশোধন, পরিবর্তন ও পরিবর্ধনের মাধ্যমে এই কর্মপরিকল্পনা অধিকতর কার্যকর হতে পারে।

উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে জেলা ইনোভেশন টিম ও পিরোজপুর জেলা প্রশাসন সুদৃঢ়ভাবে আশাবাদী ও প্রতিশ্রুতিবদ্ধ।

(মোঃ মোস্তাফিজুর রহমান)
জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
পিরোজপুর।
☎০৪৬১-৬২৪০০
✉ dcpirojpur@mopa.gov.bd

## ০১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়িত কর্মপরিকল্পনার প্রতিবেদন

| ক্র.নং | প্রস্তাবিত বিষয় | কার্যক্রম | বাস্তবায়নকারী | অর্জিত ফলাফল |
|---|---|---|---|---|
| ০১ | স্থানীয়ভাবে উদ্ভাবন প্রশিক্ষণ প্রদান | আইসিটি দক্ষ জনবল সৃষ্টি করার লক্ষ্যে সকল কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | জেলার সকল সরকারি দপ্তর | জেলা প্রশাসনের উদ্যোগে ৭টি দপ্তরকে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক ২ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে |
| ০২ | নতুন উদ্ভাবনী পাইলট উদ্যোগ গ্রহণ | নাগরিক সেবাসমূহ জনগণের দোরগোড়ায় সহজে পৌছানো নিশ্চিতকরণে সকল সরকারি অফিস থেকে কমপক্ষে একটি উদ্ভাবনী আইডিয়া তৈরী এবং বাস্তবায়ন করা | পিরোজপুর সদর ভূমি অফিস<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস<br>উপজেলা মহিলা বিষয়ক দপ্তর<br>উপজেলা সমাজসেবা অফিস<br>যুব উন্নয়ন অধিদপ্তর, পিরোজপুর সদর হাসপাতাল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর<br>উপজেলা শিক্ষা অফিস | নাগরীক সেবায় উদ্ভাবনী প্রশিক্ষণ হতে প্রাপ্ত আইডিয়া সমূহের মাধ্যমে বর্তমানে ৮টি দপ্তরে পাইলট প্রকল্প চলমান রয়েছে |
| ০৩ | উদ্ভাবনের জন্য স্বীকৃতি প্রদান | প্রাপ্ত সকল উদ্ভাবনী পাইলট উদ্যোগ থেকে বাছাই করে শ্রেষ্ঠ উদ্যোগ সমূহকে স্বীকৃতি প্রদান করা | জেলা ইনোভেশন টিম | উদ্ভাবনের স্বীকৃতি স্বরূপ ডিও লেটার, ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়েছে |
| ০৪ | সামাজিক উদ্ভাবনী উদ্যোগ | ইভ টিজিং, মাদক, বাল্যবিবাহ, আত্নহত্যা প্রতিরোধসহ যে কোন সামাজিক সচেতনতামূলক কার্যক্রম | জেলা সমাজসেবা কার্যালয়, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ও জেলার সামাজিক স্বেচ্ছাসেবী সংগঠন | সামাজিক যোগাযোগের মাধ্যম ব্যবহার করে সামাজিক উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়েছে ফলে এ বিষয়ে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধি পেয়েছে |
| ০৫ | তরুণদের মাধ্যমে উদ্ভাবনী উদ্যোগ | জেলার তরুণদের সম্পৃক্ত করে বিভিন্ন সামাজিক উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ | জেলার শিক্ষা প্রতিষ্ঠান | সোশ্যাল মিডিয়ার মাধ্যমে সিটিজেন জার্নালিষ্ট গ্রুপ গঠিত হয়েছে |
| ০৬ | ভূমি উন্নয়ন কর মেলার আয়োজন | ভূমি উন্নয়ন কর আদায় সহজীকরণ এর উদ্দেশ্যে মেলার আয়োজন এবং মেলাতে ভূমি সেবা বিষয়ে বই প্রকাশ করা | সহকারী কমিশনার (ভূমি), পিরোজপুর সদর | কার্যক্রম সম্পন্ন করা হয়েছে |
| ০৭ | ইউডিসি | * আয় বৃদ্ধির জন্য ব্যাপক প্রচারের ব্যবস্থা করা;<br>* উদ্যোক্তাদেরকে নিজস্ব বিনিয়োগে উৎসাহিত করা;<br>* আয় বৃদ্ধির জন্য সকল ইউডিসিতে নতুন সেবা (বিদ্যুৎ বিল, বিকাশ, ভেন্ডর লাইসেন্স) অন্তর্ভূক্ত করা | ইউনিয়ন ডিজিটাল সেন্টার (সকল) | জেলার সকল উদ্যোক্তাদেরকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, আয় বৃদ্ধি এবং নিজস্ব বিনিয়োগ বৃদ্ধির জন্য প্রয়োজনীয় নির্দেশনা ও পরামর্শ প্রদান করা হয়েছে |
| ০৮ | মাল্টিমিডিয়া ক্লাস রুম (এমএমসি) | * বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন অব্যাহত রাখা;<br>* এমএমসি সরঞ্জামাদিপ্রাপ্ত প্রতিষ্ঠানে এমএমসি সরঞ্জামাদি সচল রাখার জন্য বিদ্যালয় পরিচালনা কমিটিকে স্থানীয় অর্থায়নের ব্যবস্থা করার জন্য নির্দেশনা প্রদান করা;<br>* ডিজিটাল কনটেন্ট তৈরীর প্রশিক্ষণ প্রদান | জেলা শিক্ষা অফিস<br>ও<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিস | জেলার সকল মল্টিমিডিয়া ব্যবহারকারী শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং নিয়মিত এমএমসি তথ্য আপলোড করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা ও পরামর্শ প্রদান করা হয়েছে |
| ০৯ | পোর্টাল | * নিয়মিত হালনাগাদ অব্যাহত রাখা;<br>* অসম্পূর্ণতা দূরীকরণ;<br>* সকল দপ্তরের জন্য ওয়েব পোর্টাল বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা | স্ব-স্ব দপ্তর এবং জেলা আইসিটি সেল | নিয়মিতভাবে হালনাগাদ করা হয় এবং এ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে |
| ১০ | সেবাগ্রহীতাদের নিকট হতে ফেইজবুক পেইজ এবং ওয়েব পোর্টালে উদ্ভাবনী আইডিয়া আহ্বান | উদ্ভাবন পরিকল্পনায় জনগণের অংশগ্রহণ নিশ্চিত করাসহ সেবা গ্রহীতার নিকট হতে উদ্ভাবনী আইডিয়া আহ্বান | জেলা প্রশাসকের কার্যালয় | ফেজবুক গ্রুপ, ফেজবুক পেজ এবং ফেজবুক টিভি'র মাধ্যমে উদ্ভাবনী আইডিয়া আহ্বান করা হচ্ছে |

২০/৭/১৭

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
পিরোজপুর।